



হোয়াইট স্পট ডিজিজ

হোয়াইট স্পট ডিজিজ

হোয়াইট স্পট ডিজিজ হলো চিংড়ির একটি মারাত্মক প্রাণঘাতী রোগ। সকল পিনিয়ড গোত্রীয় চিংড়ি (উদাহরণ- বাগদা, ভেনামি, সাদা চিংড়ি, ইত্যাদি) এবং অন্যান্য খোলশযুক্ত জলজ প্রাণী (উদাহরণ- কাঁকড়া) এই রোগে আক্রান্ত হতে পারে। চিংড়ির সকল জীবদশাতেই এই রোগ দেখা যায় এবং চিংড়ির এই মারন রোগ হোয়াইট স্পট সিন্ড্রোম ভাইরাস নামক একটি ভাইরাস দ্বারা হয়। এটি একটি ডবল স্ট্র্যান্ডের ডি.এন.এ. ভাইরাস।



বাগদার খোলশে সাদা ফুটকি দাগ



ভেনামিতে হোয়াইট স্পট রোগ

ক্যারাপেজে সাদা ফুটকি দাগ

এই রোগের লক্ষণগুলি কি কি?

আক্রান্ত চিংড়িতে খাবারের প্রতি অনীহা ও দুর্বল ভাব লক্ষ করা যায় এবং প্রায়শই পুকুরের ধারে ভাসতে দেখা যায়। আক্রান্ত চিংড়ির খোলসের ওপর সাদা সাদা ফুটকি দাগ দেখা যায়। কোনো কোনো সময় দেহ লাল রঙের হয়ে যায়। কিন্তু ভেনামি চিংড়ির ক্ষেত্রে এই সাদা দাগ অনেক সময় স্পষ্ট বোঝা যায় না। সংক্রমণের 2-3 দিনের মধ্যেই মাছ মরতে শুরু করে এবং তার 5-7 দিনের মধ্যেই মৃত্যুর হার 80-90 শতাংশ পর্যন্ত হয়ে যায়। এই অবস্থায় মাছ অবিলম্বে তুলে ফেলা (Harvest) ছাড়া অন্য কোনো উপায় থাকে না।

ভাটিক্যাল সংক্রমণ



পরিবেশ থেকে সংক্রমণ

- ▶ বাহক
- ▶ একে অপরকে খাওয়া
- ▶ সংক্রমিত জল থেকে
- ▶ বিভিন্ন সংক্রমিত বস্তু থেকে



হোয়াইট স্পট ডিজিজ কি ভাবে ছড়ায়

এই রোগ সংক্রমিত ব্রুডস্টক থেকে (Vertical transmission) অথবা সংক্রমিত পরিবেশ থেকে (Horizontal transmission) ছড়াতে পারে। তবে মূলত: এই রোগ সংক্রমিত জল, মাটি অথবা বাহক জলজ জীব (carrier animals) খাবারের সাথে গ্রহন করার মাধ্যমে ছড়ায়। বিভিন্ন কবচী জীব (crustaceans) যেমন কাঁকড়া,

কোপিপোড, ইত্যাদি এই রোগের বাহক হিসাবে কাজ করে। মিষ্টি জলের চিংড়ি যেমন গলদা চিংড়িও এই রোগ দ্বারা আক্রান্ত হয়। বিভিন্ন জলজ পোকা যেমন পলিকীট পোকাও এই রোগের ভাইরাস বহন করে। এই ভাইরাস জল এবং ভেজা মাটিতে বহুদিন পর্যন্ত বেঁচে থাকতে পারে।



বাগদা চিংড়িতে হোয়াইট স্পট রোগ



রোগের জন্য জরুরীকালীন ভাবে পুকুর থেকে চিংড়ি তোলা

হোয়াইট স্পট ডিজিজ প্রতিরোধের জন্য কি কি করা উচিত?

হোয়াইট স্পট ডিজিজ হলে তার বিশেষ কোনো চিকিৎসা নেই, প্রতিরোধই এই রোগ এড়ানোর জন্য একমাত্র উপায়।

নিম্নলিখিত ব্যবস্থাগুলি এই রোগ প্রতিরোধ করতে সাহায্য করবে

- হোয়াইট স্পট ডিজিজের ভাইরাস ভেজা মাটিতে অনেকদিন বেঁচে থাকতে পারে। তাই পুকুর সঠিত ভাবে শুকানো এবং যথাযথ পরিমানে চুন দেওয়া খুবই গুরুত্বপূর্ণ। এক বছরে একাধিক কালচার করলে দুটি কালচার পিরিয়ডের মাঝে 3-4 সপ্তাহ সময় রাখা উচিত পুকুরের প্রস্তুতিকরনের জন্য।
- কমপক্ষে পি.এল.- 15 -এর লার্ভা স্টক করা উচিত। স্ট্রেস পরীক্ষা দ্বারা উত্তীর্ণ এবং পি.সি.আর. দ্বারা ডবলু.এস.এস.ভি. (WSSV) মুক্ত প্রত্যয়িত সীড দ্বারা ই স্টকিং করা উচিত।
- বিভিন্ন জৈবসুরক্ষা বিধি যথাযথভাবে পালন করুন। খামারে কাঁকড়া বেড়া ও পাখির বেড়া যথাযথভাবে থাকা উচিত। খামারে একটি রিজার্ভার পুকুর রাখুন। খামারের কর্মীরা যাতে ভালো স্বাস্থ্যবিধি এবং স্যানিটারি পদ্ধতি মেনে চলে সেদিকে বিশেষ নজর দেওয়া উচিত।
- বোটর ম্যানিজমেন্ট প্র্যাকটিস (বি.এম.পি.) নিয়মাবলী যথাযথভাবে মেনে চলুন। চাষের সময় পুকুরের জল এবং মাটির নমুনা মনিটর করুন। পুকুরের চিংড়িগুলিকে নিয়মিত নজরে রাখুন। কোন অস্বাভাবিক উপসর্গ বা আচরণ দেখা দিলে অবিলম্বে কোনো জলকৃষি স্বাস্থ্য বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করুন।

- চিংড়িচাষের জন্য প্রোবায়োটিক এবং ইমিউনোস্টিমুল্যান্ট সঠিক ভাবে ব্যবহার করলে ভালো ফল পাওয়া যায়। কিন্তু অ্যাকোয়াকালচার স্পেশালিস্ট এর পরামর্শ ব্যতীত যথেষ্ট পরিমানে রাসায়নিক দ্রব্য অথবা অন্যান্য ওষুধ পুকুরে ব্যবহার করবেন না।

হোয়াইট স্পট ডিজিজের মড়ক লাগলে কি কি করবেন?

- পুকুরে ফিড কম প্রয়োগ করুন। সঠিক মাত্রায় চুন প্রয়োগ করে পি.এইচ. 7.5 এর ওপর রাখুন।
- জলের মাধ্যমে সংক্রমণ রোধ করার জন্য পার্শ্ববর্তী কৃষকেরা জল বিনিময় করবেন না। আক্রান্ত পুকুরে ব্যবহৃত মাছ ধরার জাল ও অন্যান্য সামগ্রী ভালো পুকুরে ব্যবহার করবেন না।
- পুকুরের মৃত্যুহার বাড়তে থাকলে অবিলম্বে মাছ তুলে ফেলা উচিত। অন্য পুকুরে যাতে সংক্রমণ ছড়িয়ে না পড়ে তার জন্য কাস্ট নেটিং করে মাছ তোলা উচিত।
- মৃত চিংড়ী গুলিকে চুন ও ব্লিচিং প্রয়োগ করে মাটিতে পুঁতে ফেলা উচিত।
- আক্রান্ত পুকুরের জলে ব্লিচিং (৫০ পিপিএম হারে) প্রয়োগ করে জীবাণুমুক্ত করা উচিত। ব্লিচিং প্রয়োগের পরের দিন বেশী পরিমাণে এরেশন দিতে হবে।
- পার্শ্ববর্তী খামাগুলিকে এই রোগের প্রাদুর্ভাব নিয়ে অবহিত করা প্রয়োজন যাতে কৃষকেরা উপযুক্ত ব্যবস্থা নিতে পারে।
- আক্রান্ত পুকুরের জল ব্রুজ পরিশোধন ব্যবস্থা দ্বারা শোধন করে ছাড়া দরকার



অনুবাদঃ দেবশীষ দে, সঞ্জয় দাস, তাপস কুমার ঘোষাল, গৌরাজ বিশ্বাস এবং শ্যামল দাস

ICAR-Central Institute of Brackishwater Aquaculture

(ISO 9001:2015 certified)

Indian Council of Agricultural Research,

75, Santhome High Road, MRC Nagar, Chennai 600 028 Tamil Nadu, India

Phone: +91 44 24618817, 24616948, 24610565 | Fax: +91 44 24610311

Web: www.ciba.res.in | Email: director.ciba@icar.gov.in, director@ciba.res.in

Follow us on : [f](#) [t](#) [v](#) /icarciba

